



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ

গজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯
 ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
 শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি
২৫ জানুয়ারি ২০২৪

বাউবিতে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মেডিকেল শাখা ও ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক আয়োজিত তিন দিনব্যাপী স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা ২৫ জানুয়ারি ২০২৪ বৃহস্পতিবার শেষ হয়েছে। তিন দিনব্যাপী এ কর্মশালা ২২, ২৩ ও ২৫ জানুয়ারি ২০২৪ বাউবির বঙ্গমাতা বেগম ফজিলাতুর্রেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়।



কর্মশালায় অংশগ্রহণকারীদের সাথে বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু

বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু এর সভাপতিত্বে কর্মশালায় রিসোর্স পার্সন ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের প্রোগ্রাম ম্যানেজার (মনিটরিং), পিএমআর ও উপ-প্রকল্প পরিচালক ডা. মোহাম্মদ হারুন অর রশীদ, বাউবির স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির অধ্যাপক ডা: সরকার মো: নোমান, আইকিউএসি এর পরিচালক অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম, বাউবির চীফ মেডিকেল অফিসার ডা: এফ এম মারজানুল হক চৌধুরী, ডেপুটি মেডিকেল অফিসার ডা: শামীম রেজা সিদ্দিকী, স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির সহকারী অধ্যাপক ডা: মোহাম্মদ হাবিবুর রহমান ও সিনিয়র মেডিকেল অফিসার ডা: ফারজানা আলম।

কর্মশালায় করোনা ভাইরাসের কারণ, প্রতিকার ও প্রতিরোধ, মহিলাদের তলপেটে ব্যাথার কারণ ও প্রতিকার এবং স্বাস্থ্য সচেতনতা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন আইকিউএসি এর পরিচালক অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম এবং ধন্যবাদ জ্ঞাপন করেন আইকিউএসি এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক সাদিয়া আফরোজ সুলতানা। অনুষ্ঠান সঞ্চালনা করেন স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির অধ্যাপক মোহাম্মদ মামুনুর রশীদ। কর্মশালায় বাউবির বিভিন্ন স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশ নেন।

বিডের্ন

ড. আফ মেজবাহ উদ্দিন
 পরিচালক (ভারপ্রাপ্ত)